রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৩১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ অক্টোবর ২০০১/১৫ কার্তিক ১৪০৮

এস,আর,ও নং ২৯৮/আইন—Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976) এর section 82 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যাহা উক্ত Ordinance এর section 82 এর sub-section (1) এর প্রয়োজন মোতাবেক ২৭শে সেপ্টেম্বর, ১৯৯৯ইং মোতাবেক ১২ই আশ্বিন ১৪০৬ বাং তারিখের এস,আর,ও নং ২৭৮-আইন/৯৯ দ্বারা প্রাক-প্রকাশনা করা হইয়াছিল, যথাঃ—

অধ্যায়-১
প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা অভ্যন্তরীণ জাহাজ (লোক নিয়োগ, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট প্রদান) বিধিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ The Inland Shipping Ordinance, 1976 (LXXII of 1976);

(খ) "অভ্যন্তরীণ জলপথ" অর্থ অধ্যাদেশের section 2 (f) এ সংজ্ঞায়িত "inland water";

(গ) "আই এস এস এ" অর্থ অভ্যন্তরীণ জাহাজ নিরাপত্তা প্রশাসন;

(ঘ) "কেমিকেল ট্যাংকার" অর্থ ট্যাংকে প্রচুর পরিমাণ রাসায়নিক তরল পদার্থ বহনের জন্য ব্যবহৃত জাহাজ ;



মূল্য : টাকা ৪.০০

(ঙ) "গ্যাস ক্যারিয়ার" অর্থ আধারে চাপের অধীন অথবা শীতলীকৃত অবস্থায় প্রচুর পরিমাণ গ্যাস বহনের জন্য ব্যবহৃত জাহাজ;

(চ) "জাহাজ" বা "অভ্যন্তরীণ জাহাজ" অর্থ অধ্যাদেশের section 2 (c) এ সংজ্ঞায়িত "inland ship";

(ছ) "ড্রাইভার" অর্থ প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক ইস্যুকৃত যথাযথ গ্রেডের যোগ্যতা সার্টিফিকেটপ্রাপ্ত ইঞ্জিন বিভাগের এমন কোন ব্যক্তি যিনি জাহাজের যান্ত্রিক প্রচালনের জন্য দায়ী থাকিবেন;

(জ) "প্রিন্সিপাল সার্ভেয়ার" অর্থ আই,এস,এস,এ (ইসা)র প্রধান;

(ঝ) "মহাপরিচালক" অর্থ সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক;

(ঞ) "মাষ্টার" অর্থ প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক ইস্যুকৃত যথাযথ গ্রেড এর যোগ্যতা সার্টিফিকেটপ্রাপ্ত ডেক বিভাগের এমন কোন ব্যক্তি, যিনি জাহাজের সার্বিক দায়িত্বে থাকিয়া জাহাজ চালনার জন্য দায়ী থাকিবেন;

(ট) "সুকানি" অর্থ জাহাজের হাল ধরিবার যোগ্যতা সার্টিফিকেটপ্রাপ্ত কোন ডেক নাবিক;

(ঠ) "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ মহাপরিচালক কর্তৃক স্বীকৃত কোন ইনস্টিটিউট।

৩। **প্রয়োগ।**—ভিন্নরূপ কোন বিধান না থাকিলে, এই বিধিমালা আকার ও প্রকার নির্বিশেষে সকল জাহাজ ও ভাসমান সরঞ্জামের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## অধ্যায়-২
## অভ্যন্তরীণ জাহাজ লোক নিয়োগ, ইত্যাদি

৪। **ন্যূনতম নিরাপদ লোক নিয়োগ সার্টিফিকেট।**—(১) সকল জাহাজ প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক ইস্যুকৃত ন্যূনতম নিরাপদ ম্যানিং সার্টিফিকেট বহন করিবে।

(২) প্রয়োজনীয় জীবন রক্ষাকারী সরঞ্জাম থাকা সাপেক্ষে কোন জাহাজের মালিক ন্যূনতম নিরাপদ ম্যানিং সার্টিফিকেটে উল্লেখিত সংখ্যক সার্টিফিকেটপ্রাপ্ত মাষ্টার, ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার ও ড্রাইভারের অতিরিক্ত মাষ্টার ও ড্রাইভার এবং রেটিং নিয়োগ করিতে পারিবেন।

৫। **লোক নিয়োগে বাধা-নিষেধ।**—(১) প্রিন্সিপাল সার্ভেয়ারের লিখিত পূর্বানুমোদন ব্যতিরেকে বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন ব্যক্তিকে কোন জাহাজে নিয়োগ প্রদান করা যাইবে না।

(২) প্রয়োজনীয় যোগ্যতা সার্টিফিকেটে সংশ্লিষ্ট কাজ করার যোগ্যতা সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ না থাকিলে, কোন ব্যক্তিকে মাষ্টার, ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার অথবা ড্রাইভার হিসাবে কোন ওয়েল ট্যাংকার, কেমিক্যাল ট্যাংকার অথবা গ্যাস ক্যারিয়ারে নিয়োগ করা যাইবে না বা কোন বিপজ্জনক মালামাল বোঝাইকরণ, খালাসকরণ এবং পরিবহনের দায়িত্বে নিয়োগ করা যাইবে না।

(৩) প্রয়োজনীয় যোগ্যতা সার্টিফিকেটপ্রাপ্ত নহেন অথবা প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক ডিসপেনসেশন প্রাপ্ত নহেন এমন কোন ব্যক্তিকে কোন জাহাজে কোন পদের দায়িত্বে নিয়োগ করা যাইবে না।

(৪) কোন ব্যক্তির যদি যোগ্যতা সার্টিফিকেট বা তদপরিবর্তে ডিসপেনসেশন না থাকে, তাহা হইলে সেই ব্যক্তিকে নৌ-চালনাগত পর্যবেক্ষণ বা ইঞ্জিন রুম পর্যবেক্ষণের দায়িত্ব প্রদানের অনুমতি প্রদান করা যাইবে না।

(৫) আইএসএসএ অনুমোদিত মেডিক্যাল অফিসার স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন না করিলে কোন ব্যক্তিকে কোন জাহাজের কোন পদে নিয়োগ করা যাইবে না।

(৬) প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক বিশেষভাবে অনুমতিপ্রাপ্ত না হইলে, ৫৮ বৎসরের উর্ধের বয়সের কোন ব্যক্তিকে কোন জাহাজে নিয়োগ করা যাইবে না।

## অধ্যায়-৩
## অভ্যন্তরীণ জাহাজের কর্মীদের পরীক্ষা গ্রহণ

৬। **পরীক্ষা, ইত্যাদি।**—(১) প্রিন্সিপাল সার্ভেয়ার বিভিন্ন পরীক্ষার তারিখ, স্থান ও সময়সূচী সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবার জন্য বিজ্ঞপ্তি জারী করিবেন।

(২) এই বিধিমালার অধীনে অনুষ্ঠিতব্য যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় ফিস প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক নির্ধারিত হারে পরিশোধ করিতে হইবে।

(৩) কোন প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য শতকরা পঞ্চাশ নম্বর এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য শতকরা ষাট নম্বর প্রাপ্ত হইতে হইবে।

৭। **পরীক্ষা বোর্ড।**—(১) ডিসপেনসেশন, দৃষ্টিশক্তি পরীক্ষা এবং এতদুদ্দেশ্যে নির্ধারিত বিষয়ের পরীক্ষা ব্যতীত এই বিধিমালার অধীন অন্যান্য বিষয়ে পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক মাষ্টার পরীক্ষক বোর্ড এবং ড্রাইভার পরীক্ষক বোর্ড গঠিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন গঠিতব্য প্রত্যেকটি বোর্ড একজন চেয়ারম্যান ও এক বা একাধিক সদস্য সমম্বয়ে গঠিত হইবে।

(৩) প্রথম শ্রেণীর ডেক যোগ্যতা সার্টিফিকেটধারী মাষ্টারদের প্রধান পরীক্ষক মাষ্টার পরীক্ষক বোর্ডের চেয়ারম্যান হইবেন এবং তাহার অনুপস্থিতিতে প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক মনোনীত একই যোগ্যতা সার্টিফিকেটধারী অন্য একজন পরীক্ষক চেয়ারম্যানরূপে কার্য করিবেন। মাষ্টার পরীক্ষক বোর্ডের অন্য সদস্যরাও প্রথম শ্রেণীর ডেক যোগ্যতা সার্টিফিকেটধারী হইবেন।

(৪) ড্রাইভারদের প্রধান পরীক্ষক, যিনি প্রথম শ্রেণীর যোগ্যতা সার্টিফিকেটধারী মেরিন ইঞ্জিনিয়ার অফিসার (মটর) হইবেন, ড্রাইভার পরীক্ষক বোর্ডের চেয়ারম্যান হইবেন এবং তাহার অনুপস্থিতিতে প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক মনোনীত একই যোগ্যতা সার্টিফিকেটধারী পরীক্ষক চেয়ারম্যানরূপে কার্য করিবেন। ড্রাইভার পরীক্ষক বোর্ডের অন্য সদস্যরাও প্রথম শ্রেণীর মেরিন ইঞ্জিনিয়ার অফিসার (মটর) যোগ্যতা সার্টিফিকেটধারী হইবেন।

(৫) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন,—

(ক) পরীক্ষক বোর্ডের সকল পরীক্ষকের বাংলাদেশের নদীতে চলাচলকারী জাহাজ ও নৌ-পরিবহন সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে;

(খ) কর্ণফুলী রিভার ও পশুর রিভার এনডোর্সমেন্ট এর পরীক্ষা যথাক্রমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং মংলা বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধি সমন্বয়ে গৃহীত হইবে।

৮। পরীক্ষা তহবিল।—(১) এই বিধিমালার অধীনে অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ অনুষ্ঠানের জন্য পরীক্ষার্থীদের নিকট হইতে সংগৃহীত ফি দ্বারা গঠিত একটি পরীক্ষা তহবিল থাকিবে।

(২) প্রিন্সিপাল সার্ভেয়ার উপ-বিধি (১) এ উল্লিখিত পরীক্ষা তহবিলের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হইবেন, যিনি উহার যথাযথ ও নিরীক্ষিত হিসাব রক্ষণাবেক্ষণ করিবেন।

(৩) পরীক্ষা তহবিল হইতে এই বিধিমালার অধীনে অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহের সহিত সংশ্লিষ্ট নিম্নবর্ণিত ক্ষেত্রে অর্থ ব্যয় করা যাইবে, যথাঃ—

(ক) লিখিত পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় প্রশ্নপত্রাদি, উত্তরপত্রাদি, কলম, পেন্সিল ইত্যাদিসহ মনোরহরী দ্রব্যাদি ক্রয়;

(খ) আইসাইট টেস্ট লণ্ঠন, সিগন্যাল লণ্ঠন, চুম্বক, কম্পাস, সেক্সট্যান্ট ব্যারোমিটার, জাহাজের মডেল, চ্যানেল মার্কিং, মেরিন ইঞ্জিন, পাম্প, ভালভ, মেশিনারী যন্ত্রাংশ ইত্যাদি সরঞ্জাম ক্রয়;

(গ) প্যারালাল রুলার, সেট স্কয়ার, কম্পাস, ডিভাইডার, ক্যালকুলেটার, কম্পিউটার ইত্যাদি যন্ত্রপাতি ক্রয়;

(ঘ) নটিক্যাল টেবল, নটিক্যাল আলমন্যাক, টাইড টেবিল, মেটিরিওলজিক্যাল কোড, নেভিগেশন চার্ট ইত্যাদি প্রকাশনা ক্রয়;

(ঙ) পরীক্ষকদের নির্দেশনা প্রদান এবং প্রশ্নপত্রাদি প্রণয়নের জন্য আবশ্যকীয় কারিগরী গ্রন্থাদি, সাময়িকপত্রাদি ও রচনাদি ক্রয়;

(চ) মনোহরী সামগ্রী, সরঞ্জাম, যন্ত্রপাতি, প্রকাশনা গুদামজাতকরণ ও নিরাপত্তা বিধানের জন্য প্রয়োজনীয় হইতে পারে এইরূপ সামগ্রীসহ পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় এইরূপ আসবাবপত্র সংগ্রহ করা;

(ছ) পরীক্ষা অনুষ্ঠানের আবশ্যকীয় অন্য যে-কোন সামগ্রী ক্রয়।

(৪) এই বিধিমালার অধীন পরীক্ষা পরিচালনা কাজে দায়িত্ব পালনের জন্য নিম্নবর্ণিতভাবে সম্মানী প্রদান করা যাইবে, যথাঃ

(ক) পরীক্ষক যদি আইএসএসএ এর নিয়োজিত কর্মকর্তা হন, সংশ্লিষ্ট বিষয়ের পরীক্ষা বাবদ প্রাপ্ত ফিস এর চল্লিশ শতাংশ;

(খ) পরীক্ষক যদি আইএসএসএ এর কর্মকর্তা না হন, সেইক্ষেত্রে পরীক্ষকের পদমর্যাদা বিবেচনাক্রমে ভ্রমণভাতা ও দৈনিক ভাতাসহ প্রিন্সিপাল সার্ভেয়ারের সুপারিশ এবং সরকারের অনুমোদন সাপেক্ষে পরীক্ষা তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থ;

(গ) পরীক্ষাসমূহের ক্ষেত্রে প্রশ্নপত্র প্রণয়নের জন্য সংশ্লিষ্ট পরীক্ষকগণ প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রাপ্ত হইবেন।

৯। **ক্যাডেট নিয়োগ।**—অপ্রাপ্ততার কারণে প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক অব্যাহতি প্রাপ্ত না হইলে ৪৫০ কিলোওয়াট বা তদূর্ধ্ব শক্তিসম্পন্ন প্রত্যেক জাহাজে ডেকহ্যান্ড এবং গ্রিজার হিসাবে যথাক্রমে একজন ডেক পার্সোনেল ট্রেনিং সেন্টার ক্যাডেট এবং একজন মেরিন টেকনোলজি ক্যাডেট নিয়োগ করিতে পারিবে।

১০। **চাকুরী বহি।**—প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক নির্ধারিত ফরমে প্রত্যেক জাহাজের মাষ্টার, ড্রাইভার, ককসেন এবং রেটিং এর চাকুরীতে যোগদান ও চাকুরী হইতে অব্যাহতি সম্পর্কিত তথ্য সংরক্ষণের জন্য সার্ভিস বুক থাকিবে এবং জাহাজে যোগদান হইতে জাহাজ পরিত্যাগ পর্যন্ত চাকুরী বহিতে লিপিবদ্ধ প্রতিটি ঘটনা বা বিষয় নিকটতম সার্ভে অফিসের ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার বা তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তা কর্তৃক সমর্থিত হইতে হইবে।

১১। **যোগ্যতা সার্টিফিকেট।**—(১) প্রিন্সিপাল সার্ভেয়ার জাহাজের মাষ্টার, ড্রাইভার, ককসেন ও রেটিং এর যোগ্যতা সার্টিফিকেট প্রদান করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত যোগ্যতা সার্টিফিকেট উহার প্রদানের তারিখ হইতে ৫ বৎসর নৌযানে চাকুরীর জন্য বৈধ থাকিবে।

(৩) প্রিন্সিপাল সার্ভেয়ার নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কোন মাষ্টার এবং ড্রাইভারের লিখিত আবেদনের প্রেক্ষিতে তাহাদের যোগ্যতা সার্টিফিকেট পুনঃবৈধ করিবেন, যথাঃ—

(ক) যোগ্যতা সার্টিফিকেটের মেয়াদ বলবৎ থাকাকালীন সময় পুনঃবৈধকরণের আবেদনের পূর্ববর্তী ৫ বৎসরের মধ্যে মোট ১২ মাস আবেদনকারী জাহাজে অবস্থান করতঃ চাকুরীতে নিয়োজিত ছিলেন; অথবা

(খ) পুনঃবৈধকরণের আবেদনের তারিখ হইতে পূর্ববর্তী তিন মাস সনদের যোগ্যতার একস্তর নীচে কোন নৌযানে চাকুরীতে নিয়োজিত ছিলেন;

(গ) কোন অনুমোদিত চিকিৎসক আবেদনকারীকে স্বাস্থ্যগতভাবে উপযুক্ত বলিয়া প্রত্যয়ন করিয়াছেন।

(৪) উপ-বিধি (১) এ প্রদত্ত যোগ্যতা সার্টিফিকেটের একটি অনুলিপি আই.এস.এস.এ তে যথাযথভাবে সংরক্ষণ ও নথিভুক্ত করিতে হইবে।

১২। **সাময়িক যোগ্যতা সার্টিফিকেট।**—(১) বিধি ১১ এর অধীন যোগ্যতা সার্টিফিকেট প্রদান না করা পর্যন্ত অনধিক ছয় মাস মেয়াদের জন্য সংশ্লিষ্ট গ্রেডের পরীক্ষায় উত্তীর্ণ মাষ্টার এবং ড্রাইভারকে সাময়িক যোগ্যতা সার্টিফিকেট প্রদান করা হইবে।

(২) যোগ্যতা সার্টিফিকেট গ্রহণের সময় সংশ্লিষ্ট মাষ্টার বা ক্ষেত্রমত, ড্রাইভার সাময়িক যোগ্যতা সার্টিফিকেট ফেরৎ দিবেন।

১৩। **যোগ্যতা সার্টিফিকেটের প্রতিলিপি প্রদান।**—(১) কোন জাহাজের মাষ্টার বা ড্রাইভারের যোগ্যতা সার্টিফিকেট হারাইয়া গেলে অথবা ছিড়িয়া গেলে অবিলম্বে সংশ্লিষ্ট মাষ্টার বা ড্রাইভার লিখিতভাবে নির্ধারিত ফি প্রদানপূর্বক যোগ্যতা সার্টিফিকেটের প্রতিলিপির জন্য প্রিন্সিপাল সার্ভেয়ার বরাবরে আবেদন করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর প্রিন্সিপাল সার্ভেয়ার সংশ্লিষ্ট মাষ্টার বা ড্রাইভারকে সংশ্লিষ্ট যোগ্যতা সার্টিফিকেটের একটি প্রতিলিপি প্রদান করিবেন।

১৪। **পূর্ববর্তী সার্টিফিকেট।**—এই বিধিমালা প্রবর্তনের পূর্বে প্রদত্ত মাষ্টার, ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার ও ড্রাইভারের বিভিন্ন গ্রেডের যোগ্যতা সার্টিফিকেট এই বিধিমালার অধীনে প্রদত্ত সার্টিফিকেট বলিয়া গণ্য হইবে।

১৫। **স্বাস্থ্য সার্টিফিকেট।**—(১) জাহাজের সকল নাবিকের বারো মাসের জন্য বৈধ স্বাস্থ্য সার্টিফিকেট থাকিতে হইবে এবং তাহা জাহাজে অবস্থানের সময় সঙ্গে রাখিতে হইবে।

(২) আইএসএসএ অনুমোদিত চিকিৎসক উক্ত সার্টিফিকেট প্রদান করিবেন।

(৩) দৃষ্টিশক্তি ও শ্রবণশক্তিসহ সাধারণ স্বাস্থ্য পরীক্ষা করিয়া চিকিৎসক সার্টিফিকেট প্রদান করিবেন।

১৬। **ওয়াচকিপিং এর প্রয়োজনীয়তা।**—(১) কোন মাষ্টার, ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার, ড্রাইভার ও ককসেন যে ক্ষমতাসম্পন্ন জাহাজের সার্টিফিকেট প্রাপ্ত হইয়াছেন কেবল সেই ক্ষমতা অথবা তাহার নিম্নতর ক্ষমতা অনুযায়ী কাজ করিবেন।

(২) এই বিধিমালার অধীন যথাযথ সার্টিফিকেট না থাকিলে কোন ব্যক্তি এমন কোন কাজ করিবেন না যে কাজের জন্য যোগ্যতা সার্টিফিকেট প্রয়োজন।

(৩) নৌ-যাত্রাকালে কাহারও মৃত্যু ঘটিলে কিংবা কেউ কর্মসম্পাদনে অক্ষম হইয়া পড়িলে, একই বা নিম্নতর সার্টিফিকেটধারী কোন ব্যক্তি অথবা জাহাজে সেইরূপ কোন ব্যক্তি পাওয়া না গেলে সংশ্লিষ্ট সর্বজ্যেষ্ঠ ব্যক্তি, সার্টিফিকেটধারী না হইলেও পরবর্তী নির্দিষ্ট বন্দরে/গন্তব্য স্থলে না পৌছা পর্যন্ত মৃত ব্যক্তির বিপরীতে কাজ করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে, এই বিধিমালা অনুযায়ী যথাযথভাবে যোগ্যতাসম্পন্ন না হইলে তাহাকে সংশ্লিষ্ট কাজ করিবার জন্য নিয়োগ করা যাইবে না।

(৫) কোন ব্যক্তি কর্তৃক এই বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে তিনি অধ্যাদেশের সংশ্লিষ্ট ধারার অধীন শাস্তিযোগ্য হইবেন।

১৭। **অব্যাহতিসমূহ।**—প্রিন্সিপাল সার্ভেয়ার, তৎকর্তৃক নির্ধারিত শর্ত সাপেক্ষে, কোন বিশেষ ক্ষেত্রে এই বিধিমালার সকল বা যে-কোন বিধান অপ্রযোজ্য ঘোষণা দিতে পারিবেন এবং এই ঘোষণা বাতিল বা সংশোধনও করিতে পারিবেন।

১৮। **পরীক্ষাসমূহের পাঠ্যক্রম।**—এই বিধিমালার অধীন পরীক্ষাসমূহের পাঠ্যক্রম প্রিন্সিপাল সার্ভেয়ার কর্তৃক নির্ধারিত হইবে।

## অধ্যায়-৪

## মাষ্টারের যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষা

১৯। **পরীক্ষার জন্য আবেদন।**—(১) মাষ্টার এর যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষার প্রার্থী তাহার চাকুরী বহি, প্রশংসাপত্র ও তিন কপি সত্যায়িত ছবিসহ পরীক্ষার ধার্য্য তারিখের অন্যূন ১৫ দিন পূর্বে প্রধান পরীক্ষক বরাবরে এতদুদ্দেশ্যে নির্ধারিত ফরমে করিবেন।

(২) সংশ্লিষ্ট জাহাজের মালিক কোন প্রার্থীর জাহাজের অবস্থান সম্পর্কে প্রত্যয়ন করিবেন এবং তদমর্মে উপ-বিধি (১) এ উল্লিখিত প্রশংসাপত্র প্রদান করিবেন।

২০। **মাষ্টার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষার প্রয়োজনীয় যোগ্যতা।**—(১) নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন কোন প্রার্থী জাহাজের ৩য় শ্রেণীর মাষ্টার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অবতীর্ণ হইতে পারিবেন, যথা ঃ—

(ক) পরীক্ষার্থীর বয়স একুশ বৎসরের কম হইতে পারিবে না এবং প্রধান পরীক্ষক যদি পরীক্ষার্থীর বয়স সম্পর্কে সন্দেহ প্রকাশ করেন, তাহা হইলে তাঁহার জন্ম সার্টিফিকেট উপস্থাপন করিতে হইবে;

(খ) পরীক্ষার্থীকে অবশ্যই জাহাজ অবস্থান করিয়া কর্তব্য সম্পাদনের জন্য শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হইতে হইবে এবং তোতলামি ও শ্রবণশক্তিহীনতা হইতে মুক্ত হইতে হইবে;

(গ) পরীক্ষার পূর্বে পরীক্ষার্থীকে প্রধান পরীক্ষক বা তৎকর্তৃক মনোনীত একজন পরীক্ষক কর্তৃক গৃহীতব্য দৃষ্টিশক্তি পরীক্ষা (চশমা ব্যতীত), রং এর পার্থক্য নির্ণয় ও লণ্ঠন পরীক্ষায় পাশ করিতে হইবে;

(ঘ) কোন পরীক্ষার্থী দৃষ্টিশক্তি পরীক্ষায় অকৃতকার্য হইলে অকৃতকার্যতার তারিখ হইতে তিন মাস সময়ের পর আবার উক্ত পরীক্ষায় উপস্থিত হইতে পারিবেন এবং কোন প্রার্থী লণ্ঠন পরীক্ষায় অকৃতকার্য হইলে অনুরূপ পরীক্ষাসমূহের মধ্যে তিন মাস সময়ান্তর মাত্র তিনবার অনুরূপ পরীক্ষায় আবার উপস্থিত হইতে পারিবেন;

(ঙ) প্রার্থীকে শক্তিচালিত জাহাজের ডেক বিভাগে কমপক্ষে তিন বৎসর কাজ করিতে হইবে, যাহার মধ্যে সর্বশেষ এক বৎসর তাহাকে কাজ করিতে হইবে সুকানি হিসাবে;

(চ) প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাস হইতে হইবে;

(ছ) ডেক পার্সনেল ট্রেনিং সেন্টার অথবা অন্য কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে ১ বৎসরের মেরিন অ্যাপ্রেন্টিসশিপ কোর্স সাফল্যের সহিত সমাপ্ত করিয়া আসা প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পূর্বে ১১০ কিলোওয়াট ও তদূর্ধ শক্তিচালিত জাহাজে কমপক্ষে দুই বৎসর চাকুরী করিয়া আসিতে হইবে, যাহার মধ্যে শেষ এক বৎসরের চাকুরী হইবে সুকানি হিসাবে;

(জ) যদি কোন পরীক্ষার্থী লিখিত বা মৌখিক পরীক্ষাসমূহে পর পর তিনবার পাস করিতে ব্যর্থ হন, তাহা হইলে পরবর্তী পরীক্ষার জন্য কাগজপত্র পূরণ করিবার পূর্বে সুকানি হিসাবে কমপক্ষে তিন মাসের অতিরিক্ত গণনীয় চাকুরী করিয়া না আসিলে তিনি পুনরায় পরীক্ষায় অবতীর্ণ হওয়ার যোগ্য বিবেচিত হইবেন না;

(ঝ) এই বিধির (ক), (খ) ও (গ) দফার শর্ত পূরণকারী কোন প্রার্থী পরীক্ষার আবেদন ও কাগজপত্র পূরণ করিবার তারিখের পূর্বের ২ বৎসরের মধ্যে কমপক্ষে বার মাস কোন জাহাজে অবস্থান করিয়া চাকুরী না করিলে পরীক্ষায় অবতীর্ণ হইবার যোগ্য বিবেচিত হইবেন না।

(২) ২য় শ্রেণীর মাষ্টার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য প্রার্থীকে নিম্নবর্ণিত শর্ত পূরণ করিতে হইবে ঃ—

(ক) প্রার্থীকে অবশ্যই তৃতীয় শ্রেণীর মাষ্টার এর যোগ্যতা সার্টিফিকেট থাকিতে হইবে এবং কমপক্ষে ২৪ মিটার দীর্ঘ অথবা ১৩৭ কিলোওয়াট ইঞ্জিন শক্তিবিশিষ্ট কোন জাহাজে কমপক্ষে দুই বৎসর ইনচার্জ বা আড়াই বৎসর মাষ্টার এর সহকারী অথবা তিন বৎসর সুকানি হিসাবে চাকুরীর অভিজ্ঞতা;

(খ) অভ্যন্তরীণ জাহাজসমূহে বারো মাস চাকুরীর অভিজ্ঞতা থাকা সাপেক্ষে, বাংলাদেশ নৌ-বাহিনীর নির্বাহী শাখার লিডিং সী-ম্যান, পেটি অফিসার, চীফ পেটি অফিসার হিসাবে কমপক্ষে দশ বৎসর সক্রিয় চাকুরীর অভিজ্ঞতা;

(গ) বিদেশগামী জাহাজ-হেল্‌মস ম্যান হিসাবে তিন বৎসরের এবং অভ্যন্তরীণ জাহাজে ১ বৎসর চাকুরীর অভিজ্ঞতা;

(ঘ) ফিশারিজ একাডেমীর প্রশিক্ষণ সমাপ্তকরণ এবং মাছ ধরার জাহাজে কমপক্ষে তিন বৎসর চাকুরীর অভিজ্ঞতা।

(৩) ১ম শ্রেণীর যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য প্রার্থীকে নিম্নবর্ণিত শর্ত পূরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) প্রার্থীর অবশ্যই দ্বিতীয় শ্রেণীর মাষ্টার এর যোগ্যতা সার্টিফিকেট থাকিতে হইবে এবং তাঁহাকে কমপক্ষে ৩৬ মিটার দীর্ঘ বা কমপক্ষে ১৮৫ কিলোওয়াট ইঞ্জিন শক্তিবিশিষ্ট জাহাজে অবস্থান করিয়া অন্যূন সহকারী মাষ্টার হিসাবে অথবা ৩৭ মিটার দীর্ঘ বা কমপক্ষে ১৩৭ কিলোওয়াট ইঞ্জিন শক্তিবিশিষ্ট জাহাজে মাষ্টার হিসাবে কমপক্ষে তিন বৎসর চাকুরী করিয়া আসিতে হইবে;

(খ) অভ্যন্তরীণ জাহাজে কমপক্ষে ছয় মাস চাকুরীর অভিজ্ঞতা থাকা সাপেক্ষে বাংলাদেশ নৌ-বাহিনীর নির্বাহী শাখার একজন কমিশনপ্রাপ্ত অফিসার হিসাবে নজরদারির কাজে তিন বৎসরের অভিজ্ঞতা;

(গ) অভ্যন্তরীণ জাহাজে কমপক্ষে ছয় মাস চাকুরীর অভিজ্ঞতা থাকা সাপেক্ষে, কমপক্ষে চতুর্থ শ্রেণীর বিদেশগামী জাহাজের ডেক অফিসার এর অভিজ্ঞতা।

(৪) উপ-বিধি (১), (২) ও (৩) এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন কোন প্রার্থীকে সংশ্লিষ্ট পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পূর্বে নিম্নবর্ণিত শর্তসমূহ পূরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) প্রার্থীকে প্রধান পরীক্ষক কর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার যা ইসা কর্তৃক গৃহীত দৃষ্টিশক্তি (চশমা) ব্যতীত পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(খ) কোন প্রার্থী দৃষ্টিশক্তি পরীক্ষায় অকৃতকার্য হইলে উক্তরূপ অকৃতকার্য হওয়ার তারিখ হইতে পরবর্তী তিন মাস সময় অতিক্রম হওয়ার পর পুনরায় উক্ত পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিবে;

(গ) কোন পরীক্ষার্থী লষ্ঠন পরীক্ষায় অকৃতকার্য হইলে উক্তরূপ অকৃতকার্য হওয়ার তারিখ হইতে পরবর্তী তিন মাস সময় অতিক্রম হওয়ার পর পুনরায় উক্ত পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিবে।

(৫) কোন প্রার্থী বিধি ৬ এর অধীনে যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় পর পর তিনবার অকৃতকার্য হইলে—

(ক) ১ম শ্রেণীর যোগ্যতা সার্টিফিকেট প্রার্থীকে পুনরায় পরবর্তী পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পূর্বে জাহাজের যথাযথ পদে অন্যূন ছয় মাস চাকুরী করিতে হইবে।

(খ) ২য় শ্রেণীর যোগ্যতা সার্টিফিকেট প্রার্থীকে পুনরায় পরবর্তী পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পূর্বে জাহাজের যথাযথ পদে অন্যূন ছয় মাস চাকুরী করিতে হইবে;

(গ) ৩য় শ্রেণীর যোগ্যতা সার্টিফিকেট প্রার্থীকে পুনরায় পরবর্তী পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পূর্বে জাহাজের যথাযথ পদে অন্যূন তিন মাস চাকুরী করিতে হইবে।

২১। বিধি ২০ এ যাহা কিছুই থাকুক না কোন মাষ্টার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে প্রত্যেক শ্রেণীর মাষ্টারকে নিম্নবর্ণিত কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করিতে হইবে, যথা ঃ—

(ক) প্রস্তুতিমূলক কোর্স;

(খ) বেসিক ফায়ার প্রিভেনশান এন্ড ফায়ার ফাইটিং টেকনিক কোর্স;

(গ) পার্সনাল সেইফটি এন্ড সোস্যাল রেসপনসিবিলিটি কোর্স;

(ঘ) ইলেমেনটারি ফার্ষ্ট এইড কোর্স;

(ঙ) পার্সনাল সার্ভাইভাল টেকনিক কোর্স;

নৌযানের চাকুরীর জন্য (খ) হইতে (ঙ) পর্যন্ত কোর্সসমূহের কার্যকারিতা সার্টিফিকেট প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ)বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

## অধ্যায়-৫

## ড্রাইভারদের যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষা

২২। পরীক্ষার জন্য আবেদন।—(১) জাহাজের ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষার জন্য সংশ্লিষ্ট প্রার্থী তাঁহার চাকুরী বহি, প্রশংসাপত্র ও তিন কপি সত্যায়িত ছবিসহ পরীক্ষার ধার্য তারিখের অন্যূন ১৫ দিন পূর্বে প্রধান পরীক্ষক বরাবরে এতদুদ্দেশ্যে নির্ধারিত ফরমে আবেদন করিবেন।

(২) কোন প্রার্থীর জাহাজে অবস্থান সম্পর্কে সংশ্লিষ্ট জাহাজের মালিক প্রত্যয়ন করিবেন এবং তদমর্মে উপ-বিধি (১) এ উল্লেখিত প্রশংসাপত্র প্রদান করিবেন।

২৩। জাহাজের ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষার প্রয়োজনীয় যোগ্যতা।—(১) নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন কোন প্রার্থী জাহাজের ৩য় শ্রেণীর ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অবতীর্ণ হইতে পারিবেন, যথা ঃ—

(ক) প্রার্থীর বয়স একুশ বৎসরের কম হইতে পারিবে না এবং প্রার্থীর বয়স সম্পর্কে যদি প্রধান পরীক্ষকের মনে কোন সন্দেহের উদ্রেক হয়, তাহা হইলে প্রার্থীকে তাঁহার জন্ম সার্টিফিকেট উপস্থাপন করিতে হইবে;

(খ) প্রার্থীকে অবশ্যই ন্যূনতম ১৩৭ কিলোওয়াটের শক্তিচালিত জাহাজে অবস্থান করিয়া ইঞ্জিন বিভাগে কমপক্ষে তিন বৎসর চাকুরী করিয়া আসিতে হইবে;

(গ) প্রার্থীকে অবশ্যই ৮ম শ্রেণী পাস হইতে হইবে;

(ঘ) প্রার্থীকে অবশ্যই দৃষ্টিশক্তি, রঙ চিহ্নিত করিবার দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হইতে হইবে;

(ঙ) যেইসব প্রার্থী বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি বা অন্য কোন অনুরূপ শিক্ষা প্রতিষ্ঠানে ১ বৎসরের মেরিন অ্যাপ্রেনটিসশিপ কোর্স সাফল্যের সহিত সমাপ্ত করিয়া আসিবেন তাঁহাদেরকে পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে ন্যূনতম ১৩৭ কিলোওয়াট শক্তিবিশিষ্ট শক্তিচালিত জাহাজে অবস্থান করিয়া ইঞ্জিন বিভাগে কমপক্ষে দুই বৎসর চাকুরী করিয়া আসিতে হইবে।

(২) নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন কোন পরীক্ষার্থী ২য় শ্রেণীর ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অবতীর্ণ হইতে পারিবেন, যথাঃ—

(ক) প্রার্থীর অবশ্যই তৃতীয় শ্রেণীর ইঞ্জিন ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেট থাকিতে হইবে এবং কমপক্ষে ১৩৭ কিলোওয়াট প্রচলন শক্তিবিশিষ্ট মোটরচালিত নৌযানে অবস্থান করিয়া ভারপ্রাপ্ত ড্রাইভার হিসাবে অথবা কমপক্ষে ১৮৬ কিলোওয়াট প্রচলন শক্তিবিশিষ্ট অভ্যন্তরীণ নৌযানে সেকেন্ড ইন-চার্জ হিসাবে ২৪ মাসের সার্টিফিকেট পরবর্তী চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে ;

(খ) বাংলাদেশ নৌ-বাহিনীর একজন ইঞ্জিন মেকানিক অথবা লীডিং ইঞ্জিন মেকানিক, যাঁহার অবশ্যই নৌ-বাহিনীর মোটরচালিত জাহাজে কমপক্ষে পাঁচ বৎসর কাজসহ ন্যূনতম দশ বৎসরের সক্রিয় চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে;

(গ) কমপক্ষে তিন বৎসরের ওয়াচকীপিং সার্ভিসের অভিজ্ঞতাসম্পন্ন বিদেশগামী নৌযানের ইঞ্জিন রুম রেটিং এর অভিজ্ঞতা থাকিতে হইবে;

(ঘ) কোন স্বীকৃতিপ্রাপ্ত ইনস্টিটিউট হইতে মেরিন টেকনোলজিতে ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী প্রার্থীকে কোন নৌযানে যোগদানের পূর্বে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া যাইবে, তবে কমপক্ষে ১৮৬ কিলোওয়াট শক্তির নৌযানসমূহে ৬ মাস নৌযানে সক্রিয় চাকুরী না করা পর্যন্ত তাঁহাদের সার্টিফিকেট প্রদান করা যাইবে না;

(ঙ) কোন প্রার্থী পর পর তিনবার লিখিত বা মৌখিক পরীক্ষায় অকৃতকার্য হইলে পরবর্তী পরীক্ষায় অবতীর্ণ হইবার পূর্বে তাহাকে কোন জাহাজে অন্যূন ছয় মাস অতিরিক্ত চাকুরী করিতে হইবে।

(৩) নিম্নবর্ণিত প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন কোন প্রার্থী ১ম শ্রেণীর ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অবতীর্ণ হইতে পারিবেন, যথা ঃ—

(ক) অভ্যন্তরীণ জাহাজের ২য় শ্রেণীর ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেটপ্রাপ্ত কোন প্রার্থী যাহার অন্যূন ৪৫০ কিলোওয়াট ইঞ্জিন শক্তিবিশিষ্ট জাহাজের ড্রাইভারের সহকারী পদে অথবা অন্যূন ১৮৬ কিলোওয়াট শক্তিবিশিষ্ট কোন জাহাজে অন্যূন ২৪ মাস ড্রাইভার পদে চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে;

(খ) বাংলাদেশ নৌ-বাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় ইঞ্জিন রুম আর্টিফিসার (ইঞ্জিন মেকানিক), চীফ পেটি অফিসার (ইঞ্জিন মেকানিক) ও পেটি অফিসার, যাহার বাংলাদেশ নৌ-বাহিনীর জাহাজে অন্যূন ৫ বৎসর অবস্থান সর্বমোট ১২ বৎসরের সক্রিয় চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে;

(গ) বিদেশগামী জাহাজের ইঞ্জিন রুম ওয়াচ এর অংশ হিসাবে গণ্য ইঞ্জিন রুম রেটিং, যাহার অন্যূন ছয় বৎসরের চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে;

(ঘ) স্বীকৃত কোন ইনস্টিটিউট হইতে মেরিন টেকনোলজিতে ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ প্রার্থী যাহার অন্যূন ১৮৬ কিলোওয়াট ইঞ্জিন শক্তিবিশিষ্ট মোটর চালিত জাহাজে ২৪ মাস অবস্থানসহ চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে;

(ঙ) স্বীকৃত কোন ইনস্টিটিউট হইতে মেরিন টেকনোলজিতে সার্টিফিকেটপ্রাপ্ত কোন প্রার্থী যাহার অন্যূন ১৮৬ কিলোওয়াট ইঞ্জিন শক্তিবিশিষ্ট মোটর চালিত জাহাজে ২৪ মাস অবস্থানসহ বাস্তব চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে;

(চ) স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমাপ্রাপ্ত কোন প্রার্থী, যাহার অন্যূন ১৮৬ কিলোওয়াট ইঞ্জিন শক্তিবিশিষ্ট মোটর চালিত জাহাজে ২৪ মাস অবস্থানসহ বাস্তব চাকুরীর অভিজ্ঞতা রহিয়াছে;

(ছ) কোন প্রার্থী ক্রমাগত তিনবার পরীক্ষায় অকৃতকার্য হইলে পরবর্তী পরীক্ষায় অবতীর্ণ হইবার পূর্বে তাহাকে কোন জাহাজে অন্যূন ছয় মাস চাকুরী করিতে হইবে।

(জ) কোন প্রার্থী 'বয়লার অপারেটর লাইসেন্স' বা এন্ডোর্সমেন্ট প্রাপ্তির জন্য বয়লার সংযুক্ত অবকাঠামোতে ২৪ মাস চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে এবং এতদবিষয়ক লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

২৪। বিধি ২৩ এ যাহা কিছুই থাকুক না কোন ড্রাইভার যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে প্রত্যেক শ্রেণীর ড্রাইভারকে নিম্নলিখিত কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করিতে হইবে, যথা ঃ—

(ক) প্রস্তুতিমূলক কোর্স;

(খ) বেসিক ফায়ার প্রিভেনশান এন্ড ফায়ার ফাইটিং টেকনিক কোর্স;

(গ) পার্সনাল সেইফটি এন্ড সোসাল রেসপনসিবিলিটি কোর্স;

(ঘ) ইলেমেনটারি ফার্স্ট এইড কোর্স;

(ঙ) পার্সনাল সার্ভাইভাল টেকনিক কোর্স;

নৌযানের চাকুরীর জন্য (খ) হইতে (ঙ) পর্যন্ত কোর্সসমূহের কার্যকারিতা সার্টিফিকেট প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

## অধ্যায়-৬

## ককসেনের জন্য পরীক্ষা

২৫। জাহাজের ককসেন যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষার প্রয়োজনীয় শর্তসমূহ।—নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন কোন প্রার্থী জাহাজের ককসেন হিসাবে যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অবতীর্ণ হইতে পারিবেন, যথা ঃ—

(ক) প্রার্থীর বয়স একুশ বৎসরের কম হইতে পারিবে না এবং প্রার্থীর বয়সের ব্যাপারে যদি প্রধান পরীক্ষকের মনে কোন সন্দেহের উদ্রেক হয় তাহা হইলে প্রার্থীকে তাঁহার জন্ম সার্টিফিকেট উপস্থাপন করিতে হইবে;

(খ) শক্তিচালিত দেশীয় নৌযান বা অভ্যন্তরীণ জাহাজে অবস্থান করিয়া কমপক্ষে দুই বৎসর চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে;

(গ) দৃষ্টিশক্তি, রঙের পার্থক্য নির্ণয়, সংশ্লিষ্ট দৃষ্টিশক্তি ও শ্রবণশক্তিসহ শারীরিক ও মানসিকভাবে যোগ্য হইতে হইবে;

(ঘ) পরীক্ষায় অবতীর্ণ হইবার পূর্বে প্রার্থীকে অবশ্যই প্রধান পরীক্ষক বা তৎকর্তৃক মনোনীত একজন পরীক্ষক কর্তৃক গৃহীতব্য দৃষ্টিশক্তি পরীক্ষায় (চশমা ব্যতীত) পাস করিতে হইবে;

(ঙ) কোন প্রার্থী দৃষ্টিশক্তি পরীক্ষায় পাস করিতে না পারিলে তিন মাস সময় পর আবার অনুরূপ পরীক্ষায় উপস্থিত হইতে পারিবেন;

(চ) যদি কোন প্রার্থী মৌখিক ও ব্যবহারিক পরীক্ষাসমূহে পাস করিতে না পারেন, তাহা হইলে পরবর্তী পরীক্ষার জন্য আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে কমপক্ষে ছয় মাস অতিরিক্ত গণনীয় চাকুরী না করিলে পুনরায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

## অধ্যায়-৭

## রেটিংস এর পরীক্ষা

২৬। মাঝি (সুকানি)।—(১) সকল মাঝি (সুকানি)-কে সার্টিফিকেটপ্রাপ্ত হইতে হইবে।

(২) কোন ডেক হ্যান্ড অভ্যন্তরীণ জাহাজের একজন সার্টিফিকেটপ্রাপ্ত মাঝির (সুকানি) তত্ত্বাবধানে ছয় মাস হাল ধরিবার অভিজ্ঞতাসম্পন্ন ডেক এ বারো মাস চাকুরী করিবার পর মাঝির সার্টিফিকেটের জন্য আবেদন করিতে পারিবেন।

২৭। পাম্পম্যান।—(১) সকল পাম্পম্যানকে সার্টিফিকেটপ্রাপ্ত হইতে হইবে।

(২) একজন লস্কর বা গ্রীজার ট্যাংকারসমূহে ১৮ মাস চাকুরী করিবার পর পাম্পম্যান এর সার্টিফিকেটের জন্য আবেদন করিতে পারিবেন।

২৮। অপারেটর (চালক)।—(১) শক্তিচালিত যে কোন দেশীয় নৌযান চালনাকারীকে অপারেটর লাইসেন্সপ্রাপ্ত হইতে হইবে।

(২) শক্তিচালিত দেশীয় নৌযানে ১২ মাস নবীস হিসাবে চাকুরী করিবার পর অপারেটর লাইসেন্সের পরীক্ষার জন্য প্রিন্সিপাল সার্ভেয়ার বরাবরে আবেদন করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নাসির উদ্দিন
উপ-সচিব (জাহাজ)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।